

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩৭৭

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - ভীতি প্রদর্শন ও সতর্কীকরণ

اَلْفصنْلُ التَّنِفْ (بَابِ الْإِنْذَارِ والتحذير)

আরবী

وَعَنْ عَائِشَةَ قَالَتْ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: إِنَّ أُوَّلَ مَا يُكْفَأُ وَعَنْ عَائِشَةَ قَالَتْ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَعْنِي الْخَمْرَ. قِيلَ: فَكَيْفَ يَا قَالَ زَيْدُ بْنُ يَحْنِي الْخَمْر. قِيلَ: فَكَيْفَ يَا رَسُولَ اللَّهِ وَقَدْ بَيَّنَ اللَّهُ فِيهَا مابين؟ قَالَ: «يُسَمُّونَهَا بِغَيْرِ اسْمِهَا فَيَسْتَحِلُّونَهَا» . رَوَاهُ الدَّارِمِيُّ اللَّهُ فِيهَا مابين؟ قَالَ: «يُسَمُّونَهَا بِغَيْرِ اسْمِهَا فَيَسْتَحِلُّونَهَا» . رَوَاهُ الدَّارِمِيُّ

حسن ، رواه الدارمى (2 / 114 ح 2106 ، نسخة محققة : 2145) * و سنده حسن و رواه ابى يعلى فى مسنده (8 / 177 ح 4731) من حديث فرات بن سلمان عن القاسم بن محمد به

বাংলা

৫৩৭৭-[৭] 'আয়িশাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ (সা.) -কে বলতে শুনেছি, সর্বপ্রথম যে জিনিসকে উল্টিয়ে দেয়া হবে- বর্ণনাকারী যায়দ ইবনু ইয়াহইয়া বলেন- অর্থাৎ ইসলামী বিধানসমূহ যেভাবে কোন পাত্রকে উল্টিয়ে দেয়া হয়, তা হবে শরাবের ব্যাপারটি। তখন জিজ্ঞেস করা হলো, হে আল্লাহর রসূল! তা কিরূপে হবে? অথচ শরাব যে অবৈধ, তার বিধান তো আল্লাহ তা'আলা সুস্পষ্টভাবে বলে দিয়েছেন। তখন তিনি (সা.) বললেন, তারা অন্য নামে তার নামকরণ করে বৈধ সাব্যস্ত করে নেবে। (দারিমী)

ফুটনোট

সহীহ: দারিমী ২১০০, আবূ দাউদ ৩৬৮৮, সিলসিলাতুস সহীহাহ ৯০, ইবনু মাজাহ ৩৩৮৪, নাসায়ী ৫৬৫৮, সহীহুল জামি ৮০৯১, সহীহ আত্ তারগীব ওয়াত তারহীব ২৩৭৮, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ২৩৭৫৮, মুসানাদে আহমাদ ১৮০৯৮, আবূ ইয়া'লা ৪৩৯০, সহীহ ইবনু হিব্বান ৬৭৫৮, শুআবূল ঈমান ৫১১৪, আস্ সুনানুল



কুবরা লিন্ নাসায়ী ৫১৬৮, আল মুজামুল কাবীর লিত্ব তবারানী ৩৩৪২, আল মুসতাদরাক লিল হাকিম ৭২৩৭, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৭৮৪৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা :(إِنَّ أَوَّلَ مَا يُكْفَأُ الْإِنَاءُ): ইসলামের যে বিধিবিধান সর্বপ্রথম পরিবর্তন হয়ে যাবে বা উল্টে যাবে যেভাবে মদের বিধান পরিবর্তন হয়ে যাবে তা হলো মদের ব্যাপারটি।

وَيلَ: فَكَيْفَ يَا رَسُولَ اللَّهِ) বলা হলো, হে আল্লাহর রসূল! কিভাবে বিধানে হারাম বিষয় হালালে পরিণত হবে অথচ আল্লাহ তা'আলা এ ব্যাপারে সবকিছু বিস্তারিত বর্ণনা করেছেন?

(قَالَ: ﴿يُسَمُّونَهَا بِغَيْرِ اسْمِهَا) তিনি বললেন : মদের নাম পরিবর্তন করে অন্য নামকরণ করবে এবং এভাবে তাকে বৈধ প্রমাণ করবে যদিও তা অন্যায় ও হারাম হয়। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন